# জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ রফিকুল হক, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও

তারিখ : ১৮ জুন ২০২৬

সময় : বিকাল ৩.৩০ টা

স্থান : জেলা প্রশাসক, ঠাকুরগাঁওয়ের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবি ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে): উপস্থিতি হাজিরা সিটে সংরক্ষিত (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার বিষয়ে সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনা করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

আলোচ্য বিষয়-১: ২০২৫-২৬ অর্থবছরে পুনর্বাসন কর্মসূচির সহায়তা খাতে ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) ও খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বরাদ্দ ও আর্থিক বিভাজন:

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr>
<td>ক) পুনর্বাসন কর্মসূচির ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) ও খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজি বীজ ও সার বিতরনের লক্ষে উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন</td>
<td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৬.১৯২, তারিখ: ১৫ জুন ২০২৬ ও পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২৬.১৯৫, তারিখ: ১৫ জুন ২০২৬, সভায় উপস্থাপন করেন। পত্রের ভিত্তিতে তিনি জানান যে, সরকার ২০২৫-২৬ অর্থবছরে পুনর্বাসন কর্মসূচির আওতায় ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) কৃষক পর্যায়ে সবজি সংরক্ষণ ও প্রশিক্ষণ বাবদ কৃষকদল (৩০ জনের)/প্রতিষ্ঠান প্রধানকে প্রদানের বিপরীতে ২০৫০০০০/-(বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি ০৭ (সাত) ধরনের শাকসবজি যথা (১) কলমি শাক(উফশী) (২) লাউ (হাইব্রিড) (৩) চালকুমড়া(হাইব্রিড) (৪) পুইশাক (উফশী) (৫) বেগুন(হাইব্রিড) (৬) শসা(হাইব্রিড) (৭) মিষ্টিকুমড়া (হাইব্রিড) ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ০১(এক) বিঘা জমি/ বসতবাড়িতে বিনামূল্যে বীজ ও সার বিতরণের লক্ষ্যে ১০০০০(দশ হাজার) জন কৃষকের জন্য পুনর্বাসন কর্মসূচির বিপরীতে মোট ১৫৭০৭৫০০/-(এক কোটি সাতান্ন লক্ষ সাত হাজার পাঁচ শত) টাকা বরাদ্দ প্রদান করেছেন। জেলার ৫টি উপজেলার মধ্যে সবজি আবাদের ক্রমানুসারে (১) সদর উপজেলা (২) পীরগঞ্জ (৩) রাণীশংকৈল (৪) হরিপুর এবং (৫) বালিয়াডাঙ্গী উপজেলা। সারা বছর সদর উপজেলায় সর্বাধিক সবজি উৎপাদন হওয়ায় ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের বিষয়ের সদস্য সচিব মতামত আহ্বান করেন। সদর উপজেলা সর্বাধিক সবজি আবাদ ও উৎপাদনকারী হওয়ায় ফারমার্স মিসি কোল্ড স্টোরেজ বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সকলে মতামত প্রদান করেন। গ্রীষ্মকালীন শাকসবজি আবাদ, সম্ভাবনা ও চাষে আগ্রহী কৃষক সংখ্যার আলোকে উপজেলাওয়ারী বিভাজনের বিষয়ে সদস্য সচিব প্রস্তাবনা উপস্থাপন করেন। একজন কৃষক মাঠে শাকসবজি চাষের জন্য ৭ ধরনের ৭ প্যাকেট সবজি কলমি শাক ১৬০গ্রাম, লাউ ১৫ গ্রাম, চালকুমড়া ০৫ গ্রাম, পুঁইশাক ১০০ গ্রাম, বেগুন ০৫ গ্রাম, শসা ০৫ গ্রাম, মিষ্টিকুমড়া ১০ গ্রাম বীজ সহায়তা পাবেন। উল্লেখ্য যে, সম্প্রতি জেলায় যে সমস্ত কৃষকের বৃষ্টিপাত ও ঝড়ের কারণে ফসলের ক্ষয়ক্ষতি হয়েছে সে সমস্ত ক্ষতিগ্রস্থ কৃষকদের কেবলমাত্র ১(এক) বিঘা জমি/ বসতবাড়ির জন্য উপকরন সহায়তা প্রদান করা যাবে।</td>
<td>সিদ্ধান্ত-১: সকল সদস্যের আলোচনান্তে এবং সকলের ভিত্তিতে ঠাকুরগাঁও সদর উপজেলায় ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>
সিদ্ধান্ত-২: ২০২৫-২৬ অর্থবছরে পুনর্বাসন সহায়তা খাত হতে সবজি সংরক্ষণের জন্য কৃষক দলকে (৩০ জনের গ্রুপ) ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) ও গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজির আবাদ উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান কর্মসূচির উপজেলাওয়ারী উপকারভোগী কৃষকের সংখ্যা সারণী-১ মোতাবেক অনুমোদন করা হয়:<br><br>
সিদ্ধান্ত-৩: মিনি কোল্ড স্টোরেজ পুনর্বাসন কার্যক্রমের কৃষক প্রশিক্ষন জেলা কমিটি বাস্তবায়ন করবেন বলে সিদ্ধান্ত গ্রহীত হয়।<br><br>
সারণী-১ উপজেলাওয়ারী ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) ও গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি ফসলের কৃষক সংখ্যার বরাদ্দ বিভাজন নিম্নরূপঃ
<table>
<tr><th rowspan="2">যন্ত্রের নাম</th><th rowspan="2">মিনি কোল্ড স্টোরেজ মেশিনের সংখ্যা (টি)</th><th rowspan="2">উপকার ভোগী কৃষক দল/প্রতিষ্ঠান</th><th>উপজেলার নাম</th><th rowspan="2">মোট</th></tr>
<tr><th>ঠাকুরগাঁও সদর</th></tr>
<tr><td>মিনি কোল্ড স্টোরেজ</td><td>১</td><td>৩০</td><td>১</td><td>১</td></tr>
<tr><td>মোট</td><td>১</td><td>৩০</td><td>১</td><td>১</td></tr>
</table>
<table>
<tr><th>ফসলের নাম</th><th>উপকার ভোগী কৃষক সংখ্যা</th><th>সদর</th><th>পীরগঞ্জ</th><th>বালিয়াডাঙ্গী</th><th>রাণীশংকৈল</th><th>হরিপুর</th><th>মোট</th></tr>
<tr><td>কলমিশাক,লাউ,চালকুমড়া,পুইশাক,বেগুন,শসা, মিষ্টিকুমড়া</td><td>১০০০০</td><td>৩২০০</td><td>২৬০০</td><td>১৪০০</td><td>১৭০০</td><td>১১০০</td><td>১০০০০</td></tr>
<tr><td>মোট</td><td>১০০০০</td><td>৩২০০</td><td>২৬০০</td><td>১৪০০</td><td>১৭০০</td><td>১১০০</td><td>১০০০০</td></tr>
</table>
</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| **খ) পুনর্বাসন** কর্মসূচির ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) ও খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন বিভিন্ন (উফশী ও হাইব্রিড) জাতের শাকসবজি বীজ ও সার সহায়তা উপজেলাওয়ারী কৃষক সংখ্যা অনুযায়ী উপবরাদ্দ প্রদান | সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৬.১৯২, তারিখ: ১৫ জুন ২০২৬ ও পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২৬.১৯৫, তারিখ: ১৫ জুন ২০২৬, মোতাবেক সভায় প্রাপ্ত উপকরণের পরিমাণ ও আর্থিক বরাদ্দ সমূহ উপস্থাপন করেন। একইসাথে সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বিভাজন অনুযায়ী উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বাস্তবায়ন নীতিমালার নির্দেশনা মোতাবেক উপবরাদ্দ প্রদানের বিষয়ে প্রস্তাবনা উপস্থাপন করেন। | **সিদ্ধান্ত-১:** সারণী-২ ও ৩ মোতাবেক আর্থিক বিভাজন অনুমোদন করা হয়। |

**সারণী-২:** ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) স্থাপন জন্য আর্থিক বিভাজন (লক্ষ টাকায়)

| ক্র.নং | উপজেলার নাম | মিনি কোল্ড স্টোরেজ মেশিনের সংখ্যা | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) "৩৬৩১১৯৯ অন্যান্য অনুদান" | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) | সংরক্ষণ পাত্র/ক্রেট | বেস নির্মাণ | মেশিনের স্থাপন ও পরিবহন (উঠানো নামানো) | প্রশিক্ষণ | ইলেকট্রিক সংযোগ,স্টেশনারী ও অন্যান্য | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঠাকুরগাঁও সদর | ১ | ১৭.৬২০ | ০.৫৫০ | ০.৪০০ | ০.৬০০ | ১.০০০ | ০.৩৩০ | ২০.৫০০ | ২০.৫০০ |
| মোট | | ১ | ১৭.৬২০ | ০.৫৫০ | ০.৪০০ | ০.৬০০ | ১.০০০ | ০.৩৩০ | ২০.৫০০ | ২০.৫০০ |

**সারণী-৩: ২০২৫-২৬ অর্থবছরে পুনর্বাসন কর্মসূচির আওতায় মাঠে চাষযোগ্য গ্রীষ্মকালীন শাকসবজি ফসলের উপজেলাওয়ারী** আর্থিক বিভাজন (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা) | উপকরণের পরিমান (মে.টন) | | | | উপকরণ ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | সর্বমোট (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ৩২৫১১০৫-সার | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট | বীজ ও চারা ৩২৫১১০৬ | ডিএপি | এমওপি | উপমোট সার | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য অনুদান | |
| ১ | ঠাকুরগাঁও সদর | ৩২০০ | ০.৯৬ | ৪৮.০ | ৪৮.০ | ৯৬ | ৩৮.৭২ | ৯.১২ | ০০ | ৯.১২ | ১.৩০২৯ (১.৩৪৩৭ টাকা/কেজি) | ০.৯৬৯৬ | ২.২৭২৫ | ৫০.১১২৫ |
| ২ | পীরগঞ্জ | ২৬০০ | ০.৭৮ | ৩৯.০ | ৩৯.০ | ৭৮ | ৩১.৪৬ | ৭.৪১ | ০০ | ৭.৪১ | ১.১৮১৭ (১.৫ টাকা/কেজি) | ০.৭৮৭৮ | ১.৯৬৯৫ | ৪০.৮৩৯৫ |
| ৩ | বালিয়াডাঙ্গী | ১৪০০ | ০.৪২ | ২১.০ | ২১.০ | ৪২ | ১৬.৯৪ | ৩.৯৯ | ০০ | ৩.৯৯ | ০.৬৩৬৩ (১.৫ টাকা/কেজি) | ০.৪২৪২ | ১.০৬০৫ | ২১.৯৯০৫ |
| ৪ | রানীশংকৈল | ১৭০০ | ০.৫১ | ২৫.৫ | ২৫.৫ | ৫১ | ২০.৫৭ | ৪.৮৪৫ | ০০ | ৪.৮৪৫ | ০.৮২৪১৬ (১.৬টাকা/কেজি) | ০.৫১৫১ | ১.৩৩৯২৬ | ২৬.৭৫৪২৬ |
| ৫ | হরিপুর | ১১০০ | ০.৩৩ | ১৬.৫ | ১৬.৫ | ৩৩ | ১৩.৩১ | ৩.১৩৫ | ০০ | ৩.১৩৫ | ০.৫৯৯৯৪ (১.৮ টাকা/কেজি) | ০.৩৩৩৩ | ০.৯৩৩২৪ | ১৭.৩৭৮২৪ |
| মোট | | ১০০০০ | ৩ | ১৫০ | ১৫০ | ৩০০ | ১২১ | ২৮.৫ | ০০ | ২৮.৫ | ৪.৫৪৫ | ৩.০৩ | ৭.৫৭৫ | ১৫৭.০৭৫ |

আলোচ্য বিষয়-৩: বিবিধ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| বিবিধ | **বিবিধ বিষয়ে অর্থ ছাড়করণ, সমন্বয় বিবরণী ও কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি নিয়ে আলোচনা করা হয়।** | **সিদ্ধান্ত-১** জেলা প্রশাসক, ঠাকুরগাঁও পুনর্বাসন কর্মসূচির ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) বাবদ মোট ২০৫০০০০/-(বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম উত্তোলন করতঃ ঠাকুরগাঁও সদর উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর এবং খরিপ মৌসুমে গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি ০১ (এক) বিঘা জমি/বসতবাড়িতে গ্রীষ্মকালীন শাকসবজি -কলমি শাক (উফশী), লাউ(হাইব্রিড), চালকুমড়া(হাইব্রিড), পুইশাক(উফশী), বেগুন(হাইব্রিড), শসা(হাইব্রিড) ও মিষ্টিকুমড়া(হাইব্রিড) ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য ১৫৭০৭৫০০/-(এক কোটি সাতান্ন লক্ষ সাত হাজার পাঁচ শত) টাকা অগ্রিম উত্তোলন করতঃ ৫ টি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবরে দ্রুত চেক প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>**সিদ্ধান্ত-২** কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অর্থ সংগ্রহের পর কার্যক্রম বাস্তবায়ন শেষে ৭ (সাত) কার্য দিবসের মধ্যে অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করবেন। উক্ত সমন্বয় বিবরণী ০১(এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করবেন। ৩০শে জুন ২০২৬ তারিখের মধ্যে অগ্রিম উত্তোলিত অর্থ অব্যশই সমন্বয় করতে হবে<br>**সিদ্ধান্ত-৩** কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৬.১৯২, তারিখ: ১৫ জুন ২০২৬ ও পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২৬.১৯৫, তারিখ: ১৫ জুন ২০২৬, মোতাবেক (কপি সংযুক্ত) কর্মসূচির সহায়তা খাতে ফারমার্স মিনি কোল্ড স্টোরেজ (হাইব্রিড সোলার অপারেটেড) ও গ্রীষ্মকালীন (উফশী ও হাইব্রিড) শাকসবজি বসতবাড়িতে গ্রীষ্মকালীন শাকসবজি-কলমি শাক(উফশী), লাউ(হাইব্রিড), চালকুমড়া(হাইব্রিড), পুইশাক(উফশী), বেগুন(হাইব্রিড), শসা(হাইব্রিড), ও মিষ্টিকুমড়া(হাইব্রিড)ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে পত্রে উল্লেখিত শর্তাবলী ও বাস্তবায়ন পদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্মসূচি বাস্তবায়ন করবেন। |

পরিশেষে কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮.০৬.২৬

মোহাম্মদ রফিকুল হক
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ঠাকুরগাঁও

“কৃষিই সমৃদ্ধি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঠাকুরগাঁও
http://www.dae.thakurgaon.gov.bd

স্মারক নং- ১২.১৭.৯৪০০.০৪১.১৪.০৩৯.২৬.১১৪৬ তারিখ: ১৮-৬-২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন/ উপকরণ/ সম্প্রসারণ ও কো অর্ডিনেশন), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
৩. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর
৪. উপপরিচালক (মনিটরিং), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে সভার কার্য বিবরণী প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
২. জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঠাকুরগাঁও
৩. উপপরিচালক, (বীজ বিপণন), বিএডিসি, দিনাজপুর (বিধি মোতাবেক কর্মসূচির প্রয়োজনীয় বীজ সরবরাহের অনুরোধসহ)
৪. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ঠাকুরগাঁও
৫. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও
৬. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোন, ঠাকুরগাঁও
৭. মোঃ আব্দুল হামিদ, শাহাপাড়া, ঠাকুরগাঁও

কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও
২. উপজেলা কৃষি অফিসার, সদর/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও

মো: মাজেদুল ইসলাম
পরিচিতি নং-২০৪২
উপপরিচালক
ফোন: ০২৫৮-৯৯৩১৬৯৩
ই-মেইল-dddaethakurgaon@gmail.com